

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

প্রেস বিজ্ঞপ্তি

বিআইসিএম এ স্টার্টআপ ও ভেঞ্চার ক্যাপিটাল এর ওপর সেমিনার অনুষ্ঠিত

ঢাকা (২০ এপ্রিল ২০২৬):



বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এ স্টার্টআপ ও ভেঞ্চার ক্যাপিটাল এর ওপর একটি সেমিনার আজ ২০ এপ্রিল ২০২৬ তারিখ ইনস্টিটিউটের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে “Startup and Venture Capital Overview and Process of Successful Bidding”- শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভিএফএম ভেঞ্চারস লিমিটেড-এর ভাইস প্রেসিডেন্ট জনাব মাহফুজ রহমান, সিএমএ।

ইনস্টিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট জনাব ওয়াজিদ হাসান শাহ-এর সভাপতিত্ব ও সঞ্চালনায় আয়োজিত উক্ত সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলালিংক ডিজিটাল

কমিউনিকেশনস লিমিটেড-এর সিএমও ও আর ভেঞ্চারস পিএলসি’র সাবেক সিইও জনাব কাজী মাহবুব হাসান, এফসিসিএ এবং স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড (এসবিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব নূরুল হাই।

আলোচকগণ সেমিনারে উপস্থাপনার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

সেমিনারে ইনস্টিটিউটের সকল অনুযদ সদস্য ও কর্মকর্তাসহ আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd